**Bhavan's Tripura Vidyamandir**

2nd Periodic Assessment: (2024-2025)

**Class:- 6** **Subject:- Bengali**

Time:- 2 Hours Total :- 50 Marks

Name of the student : Roll: Section:

---

১) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বাছাই করে লেখো — ১X৪=৪

রাত যখন তিনটে, তখন ফিরল তাঁবুতে। ফুটফুটে জ্যোৎস্নায় সারা মাঠ আলো হয়ে উঠেছে। আফ্রিকার এই অংশে পাখি খুব একটা দেখা যায় না। দিন মানে, এক ধরনের রাত্রিচর পাখির ডাক শুনতে পাওয়া যায় রাতে — সেই সুর ভীষণ মিষ্টি। এই মাত্র সেই পাখি কোন গাছের মাথায় বহুদূরে ডেকে উঠল। মনটা এক মুহূর্তের জন্য উদাস করে দেয়। শংকর ঘুমোতে গেল না। আর সবাই তাঁবুর মধ্যে শুতে গেল। কারণ পরিশ্রম কারো কম হয়নি। তাঁবুর সামনে কাঠকুটো জ্বালিয়ে প্রকাণ্ড অগ্নিকুণ্ড করা গেল। শংকর সাহস করে বাইরে বসতে পারল না। এরকম দুঃসাহসের কোনো অর্থ হয় না। তবে সে নিজের খড়ের ঘরে শুয়ে জানালা দিয়ে বিস্তৃত জ্যোৎস্নালোকিত অজানা প্রান্তরের দিকে চেয়ে রইল।

ক) তারা কখন তাঁবুতে ফিরল?

i) রাত দুটোয় ii) রাত তিনটেয় iii) রাত বারোটায় iv) রাত একটায়

খ) কীভাবে অগ্নিকুণ্ড করা হল?

i) কাঠকুটো জ্বালিয়ে ii) বাঁশ দিয়ে iii) দেশলাই দিয়ে iv) ঘুটে পুড়িয়ে

গ) আফ্রিকার এই অংশ কী খুব একটা দেখা যায় না?

i) পাখি ii) ময়ূর iii) চিতাবাঘ iv) হরিণ

ঘ) 'সাহস' শব্দের বিপরীত অর্থ লেখো।

i) যোদ্ধা ii) ভয় iii) বীর iv) বাহাদুরি

২) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি) ৩X২=৬

ক) ঠাকুমা কোন্ যুক্তিতে কুকুরটির তদারকি করেন?

খ) 'মেঘের ফাঁকে রোদ দেখা যাচ্ছে' — এ কথার অর্থ বুঝিয়ে লেখো।

গ) সাতদিনের রাজা কে? কীভাবে সে সাতদিনের রাজা হয়?

৩) নীচের রচনাধর্মী প্রশ্নগুলোরটির উত্তর দাও (যে কোনো একটি) ৫X১=৫

ক) 'একটা জ্যান্ত খেলনা থাকুক'— 'জ্যান্ত' খেলনা কথার অর্থ কী? জ্যান্ত খেলনাটি কী রকম হবে? কার এবং কেন এইরকম একটি খেলনা পেতে ইচ্ছে হয়েছিল?

খ) 'কেষ্টর জীব' গল্পটির রচয়িতা কে? কেষ্টর জীব বলতে কী বোঝ? এই গল্পটির এই রকম নামকরণ কেন করা হয়েছে?

৪) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি) ৩X২=৬

ক) ঝড় উঠতেই বাবুমশাই মৃত্যু ভয় পাচ্ছিল কেন?

খ) বরেনবাবু কীভাবে বিদ্যে জাহির করেন?

গ) মাঝি কী বিদ্যা জানত না?

৫) নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো একটি) ৫X১=৫

ক) বরেনবাবু কী কী বই পড়েন? তিনি কী ধরণের জ্ঞান লাভ করেছেন?

খ) বাবুমশাই মাঝিকে কী কী প্রশ্ন করেছিল?

৬) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখো (যে কোনো চারটি) ১X৪=৪

ক) জ্ঞান বিনা বৃদ্ধ মাঝির জীবনটা কত আনাই মাটি?

i) তিন আনা ii) দশ আনা iii) চার আনা iv) বারো আনা

খ) ভুলভুলুয়া এ বাড়ির কী?

i) মালিক ii) অতিথি iii) চাকর iv) রাজা

গ) বাবুমশাই কীসে চড়ে যাচ্ছিলেন?

i) বোট ii) গাড়ি iii) রেল iv) ঘোড়া

ঘ) কে বিদ্যেবোঝাই?

i) মাঝি ii) রাজা iii) ছোট কাকা iv) বাবুমশাই

ঙ) ঠাকুমার বাড়িতে ক'টা বাচ্চা আছে?

i) তিনটে ii) চারটে iii) দুটো iv) সাতটি

৭) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি) ১X৪=৪

ক) ছোট খোকাকে কাঁদতে দেখে তিনি কী বই খোলেন?

খ) দুধ খেতেই খোকা কী করল?

গ) রাজা কুকুরটির কী নাম রাখে?

ঘ) কখন তার রক্ত গরম হয়?

ঙ) ঠাকুমা বাড়িতে কী দেখতে চান না?

৮) নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও —

ক) শব্দার্থ লেখো — (যে কোনো দুটি) ১X২=২

অষ্টপ্রহর, তদারক, হঠাৎ

খ) বিপরীত শব্দ লেখো — (যে কোনো দুটি) ১X২=২

বিশ্বাস, জোয়ার, আশা

গ) পদান্তর করো — (যে কোনো দুটি) ১X২=২

সুন্দর, জ্ঞানী, শিশু

৯) নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও—

ক) শব্দ কাকে বলে? ২

খ) বাক্যের প্রধান ভাগ কয়টি ও কী কী? ২

গ) কোনটি কী বচন নির্ণয় করো— (যে কোনো দুটি) ১X২=২

বাহক, মাছগুলো, বাড়ি

১০) নীচের সংকেতগুলি পড়ে শিরোনাম ও নীতিকথা সহ একটি গল্প রচনা করো— ৪

সংকেত: দুই বন্ধু জঙ্গলে বেড়াতে বেরিয়েছিল — হঠাৎ এক ভালুক এসে উপস্থিত হল — এক বন্ধু গাছে উঠে গেল — আর এক বন্ধু মড়ার মতো মাটিতে শুয়ে পড়ল — ভালুক এসে মাটিতে শুয়ে থাকা বন্ধুকে মরা মানুষ ভেবে গন্ধ শুঁকে চলে গেল — অপর বন্ধু গাছ থেকে নেমে এল।